

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৯১৩

৭/ যাকাত ও সাদকা

পরিচ্ছেদঃ যাকাতের অপরিহার্যতা এবং তার ফ্যীলত

## আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ أَعْرَابِياً أَتَى النَّبِيَّ عَيَّالِيْ فَقَالَ: يَا رَسُولَ اللهِ دُلَّنِي عَلَى عَمَلٍ إِذَا عَمِلْتُهُ دَخَلْتُ الجَنَّةَ قَالَ تَعْبُدُ اللهَ لاَ تُشْرِكُ بِهِ شَيْئاً وَتُقِيمُ الصَّلاَةَ وَتُوَتِي الزَّكَاةَ المَفْرُوضَةَ وَتَصنُومُ رَمَضَانَ قَالَ: وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لاَ أَزِيدُ عَلَى هَذَا فَلَمَّا وَلَّى قَالَ النَّبِيُّ عَلَيْهُمَنْ سَرَّهُ أَنْ يَنْظُرُ إِلَى مَذَا متفقٌ عَلَيْهِ

## বাংলা

(৯১৩) আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, এক বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে নিবেদন করল, হে আল্লাহর রসূল! আমাকে এমন এক আমলের কথা বলে দিন, যার উপর আমল করলে, আমি জান্নাতে প্রবেশ করতে পারব। তিনি বললেন, আল্লাহর ইবাদত করবে ও তাঁর সাথে কোন কিছুকে অংশীদার স্থির করবে না। নামায কায়েম করবে, ফর্য যাকাত আদায় করবে ও রম্যানের রোযা পালন করবে। সে বলল, সেই মহান সন্তার শপথ! যাঁর হাতে আমার জীবন আছে, আমি এর চেয়ে বেশী করব না। তারপর যখন সে লোকটা পিঠ ফিরে চলতে লাগল, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি জান্নাতবাসীদের কোন লোক দেখতে আগ্রহী, সে যেন এই লোকটিকে দেখে।

## ফুটনোট

(বুখারী ১২৯৭, মুসলিম ১১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন